গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
http//:lddp.portal.gov.bd

**ডেইরি হাবস্ এবং ভিএমসিসি (Dairy Hubs and VMCC) প্রতিষ্ঠায় আগ্রহী উদ্যোক্তাদের সাথে ম্যাচিং গ্রান্টের মাধ্যমে অংশীদারিত্ব প্রতিষ্ঠাকরণের শর্তাবলী বা Terms of Reference (ToR)**

**১. উদ্দেশ্যঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিশ্বব্যাংকের অর্থায়নে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) বাস্তবায়নের মাধ্যমে দেশের প্রাণিসম্পদ সেক্টরে উৎপাদনশীলতা বৃদ্ধি, বাজার সুবিধা উন্নয়ন, ক্ষুদ্র কৃষক ও কৃষি উদ্যোক্তাদের সহনশীলতা (Resilience) বৃদ্ধির প্রচেষ্টা গ্রহণ করছে। প্রকল্পের সামগ্রিক লক্ষ্যের অংশ হিসেবে VMCC প্রতিষ্ঠার মাধ্যমে ডেইরি হাবস্ (Dairy Hubs) স্থাপনে আগ্রহী প্রতিষ্ঠানের সঙ্গে মানসম্পন্ন দুগ্ধ উৎপাদন, সংগ্রহ ও বাজারজাতকরণের জন্য এলডিডিপি দুগ্ধ উৎপাদন ও সংগ্রহকারীদের সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠা করবে। প্রস্তাবের কারিগরী ও আর্থিক দিক বিবেচনা করে প্রস্তাবে উল্লেখিত মোট বাজেটের সর্বোচ্চ পঞ্চাশ ভাগ (৫০%) অর্থ অনধিক ২ কোটি ৬১ লক্ষ টাকা (দুই কোটি একষট্টি লক্ষ টাকা) প্রকল্পের ম্যাচিং গ্রান্টের আওতায় অনুদান হিসেবে প্রদান করা হবে।

**২. আবেদনকারীর যোগ্যতাঃ**

১. আবেদনকারীকে বাংলাদেশী নাগরকি হতে হবে;

২. আবেদনকারীর ব্যবসা গবাদিপশুর দুগ্ধ উৎপাদন, বাজারজাতকরণ ও সংগ্রহ সংক্রান্ত হতে হবে এবং এ উৎপাদন র্কাযক্রম প্রকল্পের আওতাভুক্ত এলাকায় অবস্থতি হতে হবে;

৩. আবেদনকারীকে ডেইরি হাবস্ এবং ভিএমসিসি (Dairy Hubs and VMCC) স্থাপনে নূন্যতম ০১ (এক) বছররে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

৪. আবেদনকারীকে বৈধ ট্রেড লাইন্সেস ও টিআইএন (TIN) সার্টিফিকেট দাখিল করতে হবে;

৫. আবেদনপত্রে প্রস্তাবতি মোট বাজটের কমপক্ষে শতকরা পঞ্চাশ ভাগ (৫০%) অর্থ আবেদনকারীকে বহন করতে হবে;

৬. আবেদনকারীকে বেসরকারি উদ্যোক্তা হতে হবে। পাবলিক লিমিটেড কোম্পানি এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না;

৭. ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির জন্য মহিলা উদ্যোক্তাদের বিশেষেভাবে উৎসাহিত করা হবে।

**৩. ম্যাচিং গ্রান্টের ব্যবহারঃ**

**৩.১ ম্যাচিং গ্রান্টের অর্থ নিম্নেবর্ণিত কাজে ব্যবহার করা যাবেঃ**

ক. ম্যাচিং গ্রান্টের অর্থ ডেইরি হাবস্ (Dairy Hubs) এবং VMCC স্থাপনের জন্য ব্যবহার করা যাবে।

খ. ম্যাচিং গ্রান্টের অর্থ নিম্নের সরঞ্জামাদি কেনার কাজে ব্যবহার করা যেতে পারেঃ

- যন্ত্রপাতি, পণ্য পরীক্ষার ল্যাব সরঞ্জাম এবং অন্যান্য সরঞ্জামাদি স্পেসিফিকেশন অনুযায়ী সংগ্রহ করতে হবে;
- ম্যাচিং গ্রান্টের অর্থ উৎপাদন ব্যবস্থার মান উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি বা সফটওয়্যার সংগ্রহ করার কাজে ব্যবহার করা যেতে পরে;

গ. বিশেষজ্ঞ দলের সদস্যগণ পরিকল্পনা অনুযায়ী ম্যাচিং গ্রান্টের প্রদত্ত অর্থের যথাযথ ব্যবহার তত্ত্বাবধান করবেন।

**৩.৬ ম্যাচিং গ্রান্টের অর্থ নিম্নেবর্ণিত কাজে ব্যবহার করা যাবে নাঃ**

ক. জমি কেনা বা ভাড়া করা;

খ. যানবাহন ক্রয়;

গ. অফিসের আসবাবপত্র ও সরঞ্জাম ক্রয়;

ঘ. বিল্ডিং এবং সিভিল ওয়ার্কস;

ঙ. অপারেটিং খরচ;

চ. ঋণ পরিশোধ;

ছ. ঋণের সুদ প্রদান;

জ. ওয়ার্কিং ক্যাপিটাল; এবং

ঝ. বেআইনী ব্যবসায়িক র্কাযক্রম।

**৪. ম্যাচিং গ্রান্টের আকার/পরিমানঃ**

ম্যাচিং গ্রান্ট/অনুদানের পরিমান কোনক্রমেই ২ কোটি ৬১ লক্ষ টাকার বেশি হবে না। আবেদনকারীর ব্যবসায় বিনিয়োগের প্রয়োজনীয়তা মূল্যায়নের ভিত্তিতে ম্যাচিং গ্রান্টের পরিমান নির্ধারিত হবে। ম্যাচিং গ্রান্টের আওতায় **১টি** ডেইরি হাব এবং প্রকল্প নির্ধারিত এলাকায় ২০টি ভিএমসিসি স্থাপন করতে হবে।

**৫. ইওআই (EoI)/আবেদন জমা দেওয়ার প্রক্রিয়াঃ**

ক. আবেদনকারীকে ইওআই'তে বর্ণিত সমস্ত প্রয়োজনীয় তথ্যাবলী পূরণ করতে হবে এবং তার সমর্থনে যথাযথ কাগজপত্রসহ আবেদন পত্র প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (পিএমইউ)-এ জমা দিতে হবে;

খ. অসম্পূর্ন আবেদন পত্র বিবেচনা করা হবে না;

গ. আগ্রহব্যক্তকারীকে ইওআই (EoI) ফরমেট অনুসরণ করে আবেদন জমা দিতে হবে;

ঘ. আবেদনকারী কেবল একটি প্যাকেজের জন্য আবেদন পত্র জমা দিতে পারবেন; এবং

ঙ. প্রকল্প কর্তৃপক্ষ আবেদনকারীর জমা দেওয়া কোন ইওআই বা সহায়ক উপকরণ ফেরত দিতে বাধ্য নয়।

**৬. ইওআই (EoI) যাচাইকরণ এবং ম্যাচিং গ্রান্ট অনুমোদনের প্রক্রিয়াঃ**

ক. পিএমইউ কতৃর্ক আবেদনের প্রাপ্তি স্বীকারকরণ;

খ. প্রাপ্ত আবেদনগুলোর যাচাই-বাছাইয়ের জন্য প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU)-এ পাঠানো হবে;

গ. পিআইইউ (PIU) যা করবে:

- আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদি যাচাই করা;
- প্রয়োজনে আবেদনকারীর কাছ থেকে যে কোন বিষয়ের ব্যাখ্যা চাওয়া;
- পিএমইউ কর্তৃক সরবরাহকৃত ফরমেট বা চেকলিস্ট পূরণ করা; এবং
- যথাযথভাবে কাগজ-পত্র দেখা এবং রেকর্ড করা।

ঘ. পিআইইউ সকল আবেদন যাচাই-বাছাই করে পিএমইউতে রিপোর্টসহ প্রেরণ করবে;

ঙ. তহবিল ব্যবস্থাপনা ইউনিট আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্য যাচাই করার জন্য স্বাধীন উৎস থেকে তথ্য সংগ্রহ করতে পারবে;

চ. গ্রান্ট রিভিউ কমিটি (GRC)'র চূড়ান্ত সিদ্ধান্ত সফল আবেদনকারীদের জানানো হবে;

ছ. শুধুমাত্র নির্বাচিত আবেদনকারীকে ব্যবসায় পরিকল্পনা (Business Plan) প্রণয়নের জন্য আহ্বান জানানো হবে; এবং

জ. দাখিলকৃত প্রস্তাবের কলা-কৌশল ও যথার্থতা বিবেচনা পূর্বক চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে।

**৭. ম্যাচিং গ্রান্ট চুক্তি এবং বিতরণঃ**

- প্রকল্প পরিচালক, এলডিডিপি বাংলাদেশ সরকারের প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক নির্বাচিত উদ্যোক্তাদের সাথে চুক্তিপত্র স্বাক্ষর করা হবে;
- প্রকল্প পরিচালক, এলডিডিপি সফলভাবে নির্বাচিত আবেদনকারীদের সাথে চুক্তির আলোচনা সম্পন্ন করবে এবং ম্যাচিং গ্রান্ট সহায়তা চূড়ান্ত করবে;
- আবেদনপত্রে উল্লেখিত উদ্দেশ্য, কাজের পরিকল্পনা, কার্যক্রম, মাইলস্টোন, তহবিলের ব্যবস্থা এবং প্রতিবেদনের সময়সূচী নির্ধারণ চুক্তির একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে;
- পিএমইউ এর একজন টেকনিক্যাল অফিসার নির্বাচিত উদ্যোক্তাদের নিকট চুক্তির প্রতিটি ধারা ব্যখ্যা করবেন; এবং
- নির্বাচিত উদ্যোক্তাগণ প্রকল্পের সাথে চূড়ান্ত অনুদান চুক্তিতে স্বাক্ষর করবেন।

**৮. বিরোধ নিষ্পত্তিঃ**

একটি কার্যকর অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়ার (Grievance Redress Mechanism-GRM) মাধ্যমে কোন অভিযোগ থাকলে তা গ্রহণ, প্রক্রিয়াকরণ ও নিষ্পত্তি করা হবে। বিরোধ নিষ্পত্তির জন্য এলডিডিপিতে একটি বিরোধ নিষ্পত্তি পদ্ধতি (GRM) কার্যকর আছে। এ বিষয়ে কারো কোন অভিযোগ উথাপিত হলে তা গ্রহণ, প্রক্রিয়াকরণ এবং নিষ্পত্তিকরণ GRM-এর মাধ্যমে সম্পন্ন হবে। যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রাণিসম্পদ অধিদপ্তর বা প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডডিপি)-এর ওয়বেসাইটে (http://lddp.portal.gov.bd) প্রবশে করে বা ই-মইেল বা লিখিত পত্ররে মাধ্যমে বিরোধ/অভিযোগ নিষ্পত্তি/প্রতিকার চেয়ে আবদেন করতে পারবে।

সংশ্লিষ্ট বিষয়ে কারও কোন অভিযোগ থাকলে নিম্ন ঠিকানায়ও যোগাযোগ করা যাবেঃ

| কর্মকর্তার পদবী | যোগাযোগের ঠিকানা |
|---|---|
| মহাপরিচালক,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ | প্রাণিসম্পদ অধিদপ্তর<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।<br>ই-মেইল: dg@dls.gov.bd<br>টেলিফোন: +৮৮০২৯১০১৯৩২<br>ডাক ঠিকানা: প্রাণিসম্পদ ভবন-১ (২য় তলা), কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫, বাংলাদেশ। |